দৈনিক জনতা

তারিখ 02 JUL 1988
পৃষ্ঠা ... ৯ কলাম 2

00.009

# উপজেলা বিচিত্রা

## চান্দিনা

এস, আহমদ

কুমিল্লা জেলা শহরের ২০ কিঃমিঃ পশ্চিমে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে অবস্থিত চান্দিনা উপজেলা। ৭ নবেম্বর ১৯৮৩ থানা থেকে চান্দিনা উপজেলায় উন্নীত হয়।

**আয়তন ও লোকসংখ্যা ঃ**

এর আয়তন ৭৮ বর্গমাইল। ১২টি ইউনিয়ন, ২৩৩টি গ্রাম নিয়ে এ উপজেলা গঠিত। এখানকার লোকসংখ্যা ২ লাখ ১৪ হাজার ৫শ' ৪২ জন।

**কৃষি ব্যবস্থা ঃ**

মোট জমি ৪৯ হাজার ৯শ' ২০ একর। কৃষি জমির পরিমাণ ৪০ হাজার একর এবং অনাবাদী জমি ২৫ একর আবাদী জমির পরিমান ৪৯,৯২০ একর।

**যোগাযোগ ঃ**

মোট রাস্তা ৩শ' ৭৯ মাইল, পাকা ১৬ মাইল, কাঁচা জেলা পরিষদ ১৫ মাইল, থানা পরিষদ ৫৪ মাইল, ইউনিয়ন পরিষদ ২শ' ৯৪ মাইল।

**শিক্ষা ব্যবস্থা ঃ**

মোট শিক্ষা প্রতিষ্ঠান ১শ' ৯টি। এর মধ্যে কলেজ ২টি, উচ্চ মাধ্যমিক ১২টি, নিম্ন মাধ্যমিক ৪টি, প্রাথমিক বিদ্যালয় ৮৪ টি, মাদ্রাসা ৫টি, এতিমখানা ২টি, বালিকা বিদ্যালয় ১টি।

**সমবায় ঃ**

ইউনিয়ন বহুমুখী সমবায় সমিতি ১১টি, কৃষক সমবায় সমিতি ২১৮টি, মহিলা, যুব, তাঁতী, মৎস্য, স্কুল, ব্যবসা, মজা পুকুর, ভুমিহীন সমিতিসহ মোট ৩শ' ২১টি সমবায় প্রতিষ্ঠান রয়েছে।

**স্বাস্থ্য ঃ**

পল্লী স্বাস্থ্য কেন্দ্র ২টি, পশু চিকিৎসালয় ১টি, পরিবার পরিকল্পনা ক্লিনিক ২টি, পরিবার কল্যাণ কেন্দ্র ২টি।

**হাটবাজার ঃ**

ছোট বড় ১৪টি হাট বাজার রয়েছে। এখানে ইজারাদারদের দৌরাত্ম্য বেশি।

**অন্যান্য ঃ**

এখানে একটি বন সম্প্রসারণ কেন্দ্র, পাট গবেষণা উপকেন্দ্র, পল্লী বিদ্যুৎ সমিতি ও মৎস্য খামার রয়েছে।